

“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়া, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি/২০১৮/৩৫৭

তারিখ : ২৭/০৬/২০১৮ খ্রি:

বিষয় : জেএসসি পরীক্ষার পুনর্বিन্যাসকৃত নম্বর বিভাজন ও নমুনা প্রশ্ন প্রসঙ্গে।

সূত্র: জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের স্মারক নং এনসিটিবি/শিঃ উঃ/২৮১/২০১৩/৯৬৪ তারিখ : ১৯/০৬/২০১৮ খ্রি:


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে সকল প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, ২০১৮ সালে অনুষ্ঠিতব্য জেএসসি পরীক্ষায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক বাংলা এবং ইংরেজি বিষয়ের নম্বর বিভাজন ও নমুনা প্রশ্নপত্র, কৃষিশিক্ষা ও গার্হস্থ্যবিজ্ঞান বিষয়সমূহের নতুন নির্দেশনা প্রকাশিত হয়েছে।

২০১৮ সালে অনুষ্ঠিতব্য জেএসসি পরীক্ষায় উল্লিখিত বিষয়সমূহের পরীক্ষা এনসিটিবি কর্তৃক প্রকাশিত নম্বর বিভাজন ও নির্দেশনা অনুসারে প্রণীত প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে। উল্লিখিত বিষয়সমূহ প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ পরীক্ষায় এনসিটিবি এর প্রকাশিত নম্বর বিভাজন ও নির্দেশনা অনুসারে গ্রহণ করা ও এ সংক্রান্ত নির্দেশাবলী সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য ২০১৬ ও ২০১৭ সালের রেজিস্ট্রেশনধারী অনিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষা ২০১৬ ও ২০১৭ সালের পাঠ্যসূচি অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে।

বিষয়টি অতীব জরুরী।

এ বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে
সকল প্রতিষ্ঠান প্রধান।


(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬১৭২

সংযুক্তি : এনসিটিবি কর্তৃক প্রকাশিত নম্বর বিভাজন, নমুনা প্রশ্নপত্র ও নির্দেশনা ১৪/০৬/২০১৮ খ্রিঃ তারিখে
অত্র বোর্ডের ওয়েবসাইটে দেওয়া হয়েছে।



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd



স্মারক নং: এনসিটিবি/শিঃ উঃ/২৮১/২০১৩/ ১৪

তারিখ: ১৯/৬/২০১৮খ্রি.

বিষয়: জেএসসি ও জেডিসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত নম্বর বিভাজন ও নমুনা প্রশ্ন প্রেরণ প্রসংগ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ৩১/৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটির (এনসিসিসি) সভার সিদ্ধান্ত মোতাবেক ২০১৮ সন থেকে কার্যকর জেএসসি ও জেডিসি পরীক্ষার বাংলা ও ইংরেজি বিষয়ের পুনর্বিন্যাসকৃত নম্বর বিভাজন ও নমুনা প্রশ্ন (২ সেট করে) এবং কয়েকটি বিষয়কে ধারাবাহিক মূল্যায়নে অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত সকল কাগজপত্র পরবর্তী কার্যক্রমের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী



চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/
সিলেট/বরিশাল/দিনাজপুর/
ময়মনসিংহ/বাংলাদেশ মাদরাসা শিক্ষা
বোর্ড/বাংলাদেশ করিগরি শিক্ষা বোর্ড

(প্রফেসর ড. মোঃনিজামুল করিম)
সচিব
ফোন: ৯৫৬৫৬৪৪